# পরিসংখ্যান ডিসিপ্লিন

খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা-৯২০৮।

ই-মেইলঃ office@stat.ku.ac.bd; head@stat.ku.ac.bd

ফোনঃ ০২-৪৭৭৭৩৪১০০


## পরিসংখ্যান ডিসিপ্লিনে মাস্টার্স প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

খুলনা বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান ডিসিপ্লিনের ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে নিম্নোক্ত মাস্টার্স প্রোগ্রাম (ফুল টাইম/পার্ট টাইম) সমূহে ভর্তির জন্য আবেদন আহবান করা যাচ্ছে।

**মাস্টার্স প্রোগ্রামের ধরণ এবং মেয়াদ :**

i) Master's by Course Work-01 Year
ii) Master's by Mixed Mode (Dissertation)-1.5 Years
iii) Master's by Mixed Mode (Project)-1.5 Years
iv) Master's by Research-02 Years

**ভর্তির যোগ্যতা:**

(ক) খুলনা বিশ্ববিদ্যালয় অথবা দেশী/বিদেশী অন্য কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে পরিসংখ্যান/ফলিত পরিসংখ্যান/গণিত/কম্পিউটার সাইন্স /সংশ্লিষ্ট বিষয়ে ৩/৪/৫ বছরের স্নাতক/স্নাতক (সম্মান) ডিগ্রী থাকতে হবে (উক্ত ডিগ্রী ইউজিসি কর্তৃক সমমানের ডিগ্রী হিসেবে স্বীকৃত হতে হবে)।

(খ) প্রার্থীকে কমপক্ষে ১৬ (ষোল) বছর শিক্ষাকাল শেষ করতে হবে অথবা ০৩ (তিন) বছরের স্নাতক ডিগ্রী অর্জনকারীদের ১৫ (পনের) বছর শিক্ষাকাল ও ০২ (দুই) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।

(গ) অ্যাপিয়ার্ড সার্টিফিকেট দিয়ে আবেদন করা যাবে তবে ক্লাশ শুরুর পর থেকে ০২ (দুই) মাসের মধ্যে প্রয়োজনীয় সনদপত্র জমা দিতে হবে অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

(ঘ) প্রার্থীকে কমপক্ষে ২য় শ্রেণী অথবা CGPA-2.50 সহ স্নাতক ডিগ্রীধারী হতে হবে।

(ঙ) Master's by Research ভর্তির ক্ষেত্রে প্রার্থীকে যে কোন বিষয়ে স্নাতক পর্যায়ে থিসিস/সমমানের কোর্স অথবা স্বীকৃত জার্নালে প্রথম অথর হিসেবে কমপক্ষে একটি প্রকাশনা থাকতে হবে।

(চ) চাকুরীরত প্রার্থীদের অবশ্যই দরখাস্তের সাথে কর্মরত সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিয়োগকর্তার নিকট থেকে সম্মতিপত্র প্রদান করতে হবে।

**আবেদনপত্র জমা ও সংযুক্তি:**

(ক) ভর্তি ফরম সংগ্রহ করে ১৫/১২/২০২৫ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সভাপতি, মাস্টার্স প্রোগ্রাম ভর্তি কমিটি ২০২৫-২০২৬, পরিসংখ্যান ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয়-৯২০৮ এই ঠিকানায় পৌছাতে হবে।

(খ) পরিসংখ্যান ডিসিপ্লিন, খুলনা বিশ্ববিদ্যালয় অফিস অথবা খুলনা বিশ্ববিদ্যালয়ের website: www.ku.ac.bd অথবা ku.ac.bd/discipline/stat থেকে মাস্টার্স প্রোগ্রামে ভর্তির নির্ধারিত ফরম ও নিয়মাবলী সংগ্রহ করে আবেদন করতে হবে। সরাসরি ১০/- (দশ) টাকা প্রদান করে অথবা ডাকযোগে নিজ ঠিকানা সম্বলিত ১০/- (দশ) টাকা মূল্যের ডাক টিকিট যুক্ত ১০´´ x ৪´´ ফেরত খামে আবেদনপত্র সংশ্লিষ্ট ডিসিপ্লিন প্রধানের কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে।

(গ) আবেদনের সাথে সংযুক্তিঃ

* দুই (০২) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
* শিক্ষাগত যোগ্যতার সকল পরীক্ষার সার্টিফিকেট/অ্যাপিয়ার্ড সার্টিফিকেট, মার্কসীট/ট্রান্সক্রিপ্ট এবং জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের কপি এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রকাশনার সত্যায়িত কপি।
* "প্রধান, পরিসংখ্যান ডিসিপ্লিন" এর অনুকূলে (চলতি হিসাব নং-০২০০০০৩৪৬৪৩৫৪, অগ্রণী ব্যাংক লিঃ, খুলনা বিশ্ববিদ্যালয় শাখা) ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/জমা স্লিপ।

**অন্যান্য তথ্যাবলী:**

| | | | |
|---|---|---|---|
| (ক) | ভর্তি ফরম বিতরণ ও জমা (অফিস চলাকালীন সময়) | : | ১৩/১১/২০২৫ খ্রি. ১৫/১২/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত |
| (খ) | যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ | : | ২৩/১২/২০২৫ খ্রি. তারিখ |
| (গ) | লিখিত এবং/অথবা মৌখিক পরীক্ষা | : | ৩০/১২/২০২৫ খ্রি. তারিখ, সকাল ১১:০০ টায় |
| (ঘ) | উত্তীর্ণ প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ | : | ৩১/১২/২০২৫ খ্রি. তারিখ |
| (ঙ) | মেধা তালিকা থেকে ভর্তি | : | ০৪/০১/২০২৬ খ্রি. থেকে ০৬/০১/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত |
| (চ) | অপেক্ষমান তালিকায় নির্বাচিত প্রার্থীদের ভর্তি (যদি থাকে) | : | ০৭/০১/২০২৬ খ্রি. থেকে ০৮/০১/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত |
| (ছ) | কোর্স রেজিস্ট্রেশন (জরিমানা ছাড়া) | : | বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত সময় অনুযায়ী |
| (জ) | কোর্স রেজিস্ট্রেশন (জরিমানা সহ) | : | বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত সময় অনুযায়ী |
| (ঝ) | ক্লাস শুরু | : | বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ক্যালেন্ডর অনুযায়ী |
| (ঞ) | আসন সংখ্যা | : | ৪০ (চল্লিশ) টি। |

মাস্টার্স প্রোগ্রাম ভর্তি কমিটি ২০২৫-২০২৬ ভর্তি সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত নেয়ার অধিকার সংরক্ষণ করে।

১১/১১/২৫

(প্রফেসর ড. উত্তম কুমার মজুমদার)
প্রধান, পরিসংখ্যান ডিসিপ্লিন এবং
সভাপতি, মাস্টার্স ভর্তি কমিটি ২০২৫-২০২৬
খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা-৯২০৮।

বিশেষ দ্রষ্টব্য :

* উল্লেখ্য, ভর্তি কমিটি ভর্তি সংক্রান্ত বিষয়ে যে কোন পরিবর্তন ও পরিবর্ধন করার ক্ষমতা রাখে।
* ভর্তি সংক্রান্ত ব্যাপারে সংশ্লিষ্ট ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে ।
* প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
* Masters by Research এর আসন সংখ্যা নির্ধারিত আসন সংখ্যার আওতামুক্ত।